গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৩৪৫/২২

তারিখ : ২৯-১০-২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত তথ্যাদি MIS Software-এ এন্ট্রিকরণ/সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিভিন্ন শ্রেণিতে মেধা ও সাধারণ বৃত্তি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ EFT-এর মাধ্যমে প্রেরণের লক্ষ্যে বৃত্তি ও ব্যাংক সংক্রান্ত সকল তথ্যাদি বৃত্তির MIS Software-এ আগামী ৩০ অক্টোবর, ২০২৫ তারিখ থেকে ৩০ নভেম্বর, ২০২৫ তারিখের মধ্যে নির্ভুলভাবে এন্ট্রিকরণ/এন্ট্রিকৃত তথ্য সংশোধনের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বৃত্তিপ্রাপ্ত যেসকল শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি তাদের তথ্যও MIS Software-এ এন্ট্রি করা যাবে।

০৩। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি ও ব্যাংক সংক্রান্ত তথ্য MIS Software-এ সঠিকভাবে এন্ট্রি না দেয়ার কারণে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ যথাসময়ে প্রেরণ করা সম্ভব হয় না। বৃত্তি সংক্রান্ত তথ্যাদি নির্ভুলভাবে এন্ট্রির লক্ষ্যে পত্রের সাথে <u>সংযুক্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণীয়।</u>

০৪। যেসকল শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত সমস্যার কারণে (ব্যাংকের নাম, শাখার নাম, Routing Number, হিসাব নম্বর, একক/যৌথ হিসাব সংক্রান্ত ভুল ও Bank Account Inactive থাকা) প্রেরিত বৃত্তির অর্থ Bounced হয়েছে তাদের ব্যাংক সংক্রান্ত তথ্য সংশোধন ও Inactive Account সক্রিয়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৫। বৃত্তির তথ্য এন্ট্রি/সংশোধনের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন।

<u>সংযুক্তি :</u> MIS Software-এ তথ্য এন্ট্রির নির্দেশনাবলী।

29.10.25

(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

<u>সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৬. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১০. রেজিষ্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি.... সকল)
১১. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১২. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারি .....সকল)
১৩. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
১৪. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
["২০২৫-২৬ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত তথ্যাদি MIS Software-এ নির্ভুলভাবে এন্ট্রিকরণ/সংশোধন]"-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
১৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২০. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
২১. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২২. সংরক্ষণ নথি।

স্মারক নং-একা- ৫২২/৪৬(২)/১৩০৭০(৮৬)

০৪.১১.২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো : <u>(আবেদন ফরম সংযুক্ত)</u>

১. ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২. সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

→ ২০২৪ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা ও সাধারণ বৃত্তি এবং মাদ্রাসা শিক্ষাবোর্ড বৃত্তিপ্রাপ্ত ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীর উপরোক্ত নির্দেশনা অনুসারে পূরণকৃত আবেদন ফরমসহ আগামী ১৭ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে স্বশরীরে একাডেমিক শাখায় যোগাযোগ করে MIS Software-এ তথ্য এন্ট্রিকরণ/সংশোধনের জন্য অবহিত করার অনুরোধসহ।

৫. হিসাব নিয়ামক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৬. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৭. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৮. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯. সহকারী রেজিস্ট্রার, (সংযুক্ত শাখা), রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০. নথি

আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
গ্রহণের তারিখ : ৫/১১/২৫ সময় : ১২.৫০
ক্রমিক নং : স্বাক্ষর :

৪-১১-২৫

(এস.এম.আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

04.11.2025

## <u>বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির তথ্য MIS সফটওয়ারে এন্ট্রি/সংশোধনে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় :</u>

- বৃত্তির Software-এর লিংক : https://scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login
- এছাড়া মাউশির ওয়েবসাইটে (www.dshe.gov.bd) প্রদত্ত লিংক (ডান পাশে গুরুত্বপূর্ণ লিংক-এর ৪ নম্বর মেনু- "রাজস্ব বৃত্তি ও রাজস্ব উপবৃত্তি এমআইএস")-এর মাধ্যমেও বৃত্তির সফটওয়্যারে Login করা যাবে)।

### (ক) <u>বৃত্তির এন্ট্রি স্ক্রিনে নতুন এন্ট্রির (PEC, JSC, SSC ও HSC) ক্ষেত্রে নির্দেশনা :</u>

- শিক্ষার্থীর নতুন তথ্য এন্ট্রির জন্য : প্রাথমিক নির্বাচন ⟶ নতুন শিক্ষার্থী এন্ট্রি (বৃত্তি)

(১) ভর্তির শিক্ষাবর্ষ : ভর্তি হওয়ার বছর

(২) অর্থবছর : সকলের ক্ষেত্রে ২৫-২৬

(৩) বৃত্তির পরীক্ষা : পরীক্ষার নাম

(৪) বৃত্তির ধরণ : সাধারণ/মেধা


(৫) বোর্ড : JSC, SSC ও HSC-র ক্ষেত্রে সংশ্লিষ্ট বোর্ড। PEC-র ক্ষেত্রে ডিপিই (প্রাথমিক বৃত্তি) সিলেক্ট করতে হবে।

(৬) উত্তীর্ণ হওয়ার বছর : বৃত্তির গেজেটে বর্ণিত পাশের সাল (PEC-র ক্ষেত্রে অবশ্যই পরীক্ষার প্রবেশপত্রে বর্ণিত সাল)

(৭) রেজিস্ট্রেশন নং :

> ➢ PEC-র ক্ষেত্রে প্রবেশপত্রের ১৬ ডিজিটের আইডি (রোল নম্বর দেয়া যাবে না। তবে, প্রবেশপত্রের রোল নম্বর আইডির শেষ ডিজিটে অবশ্যই থাকতে হবে। যদি কোন প্রবেশপত্রের রোল নম্বর আইডির শেষে না থাকে তাহলে আইডির শেষ ডিজিটগুলিতে রোল নম্বর দিয়ে এন্ট্রি করতে হবে।)
>
> ➢ JSC, SSC ও HSC-র ক্ষেত্রে ১০ ডিজিটের রেজি. নম্বর।

- তথ্যগুলি বাধ্যতামূলক পূরণের পর <u>'বৃত্তির তথ্য যাচাই করুন'</u> অপশনে ক্লিক করে গেজেটেড তথ্য সঠিক পাওয়া গেলে পরবর্তী ধাপে যেতে হবে।
- ডুপ্লিকেট কোনো তথ্য এন্ট্রি করা যাবে না। একই বৃত্তির তথ্য একাধিকবার এন্ট্রি থাকলে একটি রেখে (যদি কোন পেমেন্ট যায় সেটি রাখতে হবে) বাকিগুলি নিষ্ক্রিয় করতে হবে।




(৮) শিক্ষার্থীর নাম: বৃত্তির গেজেটের বানানের সাথে মিলিয়ে এন্ট্রি করতে হবে;

(৯) শিক্ষা সংক্রান্ত তথ্যে পূর্ববর্তী পরীক্ষার নাম ও বৃত্তির পরীক্ষার নাম অভিন্ন হবে;

(১০) ফলাফল (জিপিএ) দিতে হবে;

(১১) বর্তমান শিক্ষাগত তথ্য অপশনে শ্রেণী সিলেক্ট করতে হবে। ৪ বছরের অনার্স ও মেডিকেলের ক্ষেত্রে স্নাতক সম্মান নির্বাচন করতে হবে। স্নাতক (পাশ) দেয়া যাবে না।

(১২) শিক্ষার্থীর ইউআইডি (তথ্যছকের) পরিবর্তন করার প্রয়োজন নেই;

**<u>পেমেন্ট তথ্য এন্ট্রি সংক্রান্ত :</u>**

(১) পেমেন্টের ধরণ: ব্যাংকিং। ব্যাংক, শাখা ও হিসাবের ধরণ নির্বাচন করতে হবে।

(২) হিসাবধারীর নাম: ছকের উপরের তথ্য সঠিকভাবে পূরণ করা হলে শিক্ষার্থীর নাম চলে আসবে যা সংশোধন করা যাবে না। হিসাবটি শিক্ষার্থীর নামে একক হলে শুধু শিক্ষার্থীর নাম থাকবে। যদি হিসাবটি যৌথ হয় তাহলে শিক্ষার্থীর নামের পরে and তারপর ২য় হিসাবধারীর নাম এন্ট্রি করতে হবে। (যেমন: শিক্ষার্থীর নাম যদি Habibur Rahman হয় এবং যৌথ (পিতার সাথে) হয় তাহলে হিসাবধারীর নাম হবে Habibur Rahman and Abdur Rashid);


(৩) শিক্ষার্থীর নামীয় একক/যৌথ ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;

(৪) হিসাব নং: সঠিক হিসাব নম্বর এন্ট্রি করতে হবে। হিসাব নম্বর (১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে)

- **<u>হিসাবধারীর নাম ও হিসাব নং উভয়ই আবশ্যিকভাবে যাচাই করতে হবে। যাচাই ছাড়া কোন তথ্য সংরক্ষণ করা যাবে না।</u>**

---

**(খ)** **<u>তথ্য সংশোধনের পদ্ধতি</u> :** বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ⟶ শিক্ষার্থীর তথ্য আপডেট




(১) শিক্ষার্থীর আবেদন ফর্মের মত সংশোধনের সময় প্রথম অংশের তথ্যগুলি বাধ্যতামূলক পূরণের পর <u>'বৃত্তির তথ্য যাচাই করুন'</u> অপশনে ক্লিক করে গেজেটেড তথ্য সঠিক পাওয়া গেলে পরবর্তী ধাপে যেতে হবে। এক্ষেত্রে পুর্বে তথ্য ভুল দেয়া থাকলে এখানে সঠিক তথ্য দিতে হবে।

(২) তথ্যছকের বাকী অংশে সংশোধনের প্রয়োজন হলে প্রয়োজনীয় সংশোধন করতে হবে।

(৩) হিসাবধারীর নাম ও হিসাব নং উভয়ই আবশ্যিকভাবে যাচাই ছাড়া তথ্য সংরক্ষণ করা যাবে না।

---

**(গ)** **<u>একাধিক এন্ট্রি নিষ্ক্রিয়করণের পদ্ধতি</u> :** বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ⟶ শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন (কোন এন্ট্রিতে Payment গেলে সেটি রেখে বাকিগুলি নিষ্ক্রিয় করতে হবে। )

---

**(ঘ)** **<u>মাদ্রাসা থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্দেশনা:</u>**

- একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি-র পরিবর্তে যথাক্রমে **এবতেদায়ী, জেডিসি, দাখিল, আলিম** নির্বাচন করতে হবে।
- বোর্ড হিসাবে **মাদ্রাসা বোর্ড** নির্বাচন করতে হবে।

(ঙ) <u>অন্যান্য জরুরী নির্দেশনাবলী :</u>

(১) বৃত্তির তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করার জন্য বৃত্তিপ্রাপ্ত JSC, SSC ও HSC শিক্ষার্থীর বৃত্তির গেজেটের কপি ও রেজিস্ট্রেশন কার্ড এবং PEC-র ক্ষেত্রে প্রবেশপত্র এর ফটোকপি শিক্ষার্থী থেকে গ্রহণ করা যেতে পারে।

(২) ব্যাংক তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করার জন্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর ব্যাংক স্টেটমেন্ট (রাউটিং নম্বরসহ) অথবা MICR চেক বই এর ফটোকপি শিক্ষার্থী থেকে গ্রহণ করা যেতে পারে এবং ব্যাংক হিসাব সচল রাখতে হবে।

(৩) বাংলাদেশ ব্যাকের তফসিলভুক্ত অনলাইন ব্যাংক ছাড়া অন্য কোন মাধ্যমে বৃত্তির অর্থ প্রেরণ করা হয় না।

(৪) ১ জন শিক্ষার্থীর একটি বৃত্তির ১টি এন্ট্রি থাকবে। ১ জন শিক্ষার্থী যদি SSC বৃত্তিপ্রাপ্ত হয় তাহলে SSC-র শুধু ১টি এন্ট্রি থাকবে। যদি সে HSC তেও বৃত্তি পেয়ে থাকে তাহলে তার HSC-র জন্য আলাদা ১টি এন্ট্রি থাকবে। প্রয়োজনে এন্ট্রিকৃত তথ্য সংশোধন করা যাবে কিন্তু একই বৃত্তির বিপরীতে একাধিক এন্ট্রি (Double/Multiple Entry) করা যাবে না।

(৫) শিক্ষার্থীর ব্যাংকে প্রেরিত টাকা Return/Bounce হলে তাদের ব্যাংকের চেক বই/Bank Statement এর তথ্যের সাথে মিলিয়ে MIS Software-এ তথ্য সংশোধন করতে হবে। এছাড়া ব্যাংক একাউন্ট সচল (Active) রাখতে হবে। তথ্য সঠিক থাকলে কোন সংশোধন করতে হবে না।

(৬) ব্যাংক হিসাব সচল রাখার জন্য প্রতি ৩ মাস অন্তর ব্যাংকে লেনদেন চালু রাখা প্রয়োজন।

(৭) শিক্ষার্থীর নামের বানানে (গেজেটে) Hyphen (-) থাকলে শিক্ষার্থীর নাম (ইংরেজী) অংশে গেজেটের ন্যায় অবিকল (Hyphen সহ) Type করতে হবে। কিন্তু পেমেন্টের তথ্যে হিসাবধারীর নামের স্থলে শিক্ষার্থীর নামের Hyphen (-) এর স্থলে Single Space দিতে হবে। (যেমন : গেজেট বানান Mamun-or-Rashid থাকলে শিক্ষার্থীর নাম হবে Mamun-or-Rashid কিন্তু হিসাবধারীর নাম হবে Mamun or Rashid)

(৮) শিক্ষার্থীর তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);

(৯) তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;

(১০) বৃত্তির সফটওয়্যারের ইউজার আইডি ও পাসওয়ার্ডের জন্য মাউশি বা অন্য কোন দপ্তর হতে কোন প্রতিষ্ঠানে ফোন দেয়া হয় না। এক্ষেত্রে পাসওয়ার্ড সংরক্ষণের জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

(১১) বৃত্তির পেমেন্ট সংক্রান্ত কোন বিষয়ে মাউশি বা অন্য কোন দপ্তর হতে প্রতিষ্ঠান, শিক্ষক, অভিভাবক বা শিক্ষার্থীর সাথে ফোনে যোগাযোগ করা হয় না।

(১২) **User ID ও Password জনিত সমস্যায় যোগাযোগের ই-মেইল : misproblem23@gmail.com**

---

- **নতুন তথ্য এন্ট্রি/তথ্য সংশোধনের সময় আবেদন ফর্ম ক্রমানুসারে পূরণ করতে হবে। আবশ্যিকভাবে বৃত্তির তথ্য হিসাবধারীর নাম এবং হিসাব নম্বর যাচাই করার পর সংরক্ষণ বাটনে ক্লিক করতে হবে।**

---

## Board Scholarship:(এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিভিন্ন শিক্ষাবোর্ড কর্তৃক বৃত্তি প্রদানের আবেদন পত্র)

1. Scholarship Type: Talent Pool/ General.......................................
2. Scholarship Exam.: H.S.C /Alim/ Others....................................
3. Admission Year:(1st Year Admission Session): **2024-2025**
4. Student's Name (Bangla):
5. Student's Name (English in Block Letter):
6. Father's Info.:

Father's NID: Father's Date of Birth:

Father's Name (Bangla):

Father's Name (English):

7. Mother's Info.:

Mother's NID: Mather's Date of Birth:

Mother's Name (Bangla):

Mother's Name (English):

8. Student's Birth Registration Number (17 Digits):
9. Student's Date of Birth: 10. Student's Gender:
11. Student's Mobile No. :
12. Student's Permanent Info.:

Division: District: Upazila:

Parmanent Address:

Union: Ward No: Post Code:

Address:

13. Previous (HSC/Alim) Educational Info.:

Division: District: Upazila:

Pourasava:

14. Previous Educational Level:

H.S.C./ AlimRegistration No. H.S.C./ Alim Roll No

H.S.C./ Alim Result (GPA): ,H.S.C./ Alim Passing Year:

15. Current EducationalInfo.:

StudentID No. Dept./Institute:

Hall:

16. Guardian Info.:

Relation: Guardian's NID.:

Guardian's Name (Bangla)

Guardian's Name (English)

Guardian's Occupation: Guardian's Date of Birth:

Guardian's Birth Registration Number (17 Digits) & NID:

17.Student's Bank Account No. :
[Bank A/C of the student with online banking facility(A/C number must be within 13 to 17 digits)]
Bank Name in English:
Bank Branch Name in English:
Routing Number:

আমি এতদ্বারা প্রতিজ্ঞা করছি যে, উল্লিখিত বিবরণসমূহ সত্য। উল্লিখিত বিবরণের কোন তথ্য ভুল/অসম্পূর্ণ থাকলে আমি দায়ী থাকব এবং তজ্জন্য বৃত্তি হতে বঞ্চিত হলে আমার কোন আপত্তি থাকবে না।

.........................................

ছাত্র/ছাত্রীর নাম ও স্বাক্ষর

বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালক এর স্বাক্ষর ও অফিস সীল

তারিখ:..............................

তারিখ:..............................

Sultan 04.11.2025

নির্দেশাবলী অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**বৃত্তির অর্থ স্ব স্ব ব্যাংক হিসাব নম্বরে EFT এর মাধ্যমে প্রেরণ করার সুবিধার্থে সংশ্লিষ্ট শিক্ষার্থীর তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করতে হবে ঃ**

১। আবেদনকারী শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে।

২। বাংলাদেশের অনলাইন ব্যাংকিং সুবিধাসম্পন্নতফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব নম্বর (কমপক্ষে ১৩ থেকে ১৭ ডিজিটের) থাকতেহবে।

৩। প্রাপকের ব্যাংকের নাম সম্পূর্ণ লিখতে হবে। (যেমনঃ এবি ব্যাংক লিমিটেড/A.B. Bank. Ltd না লিখে Arab Bangladesh Bank Ltd সম্পূর্ন লিখতে হবে।

৪। ব্যাংকের নাম, শাখার নাম (অবশ্যই মূল শাখার নাম হতে হবে), রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। উপশাখা এবং এজেন্ট ব্যাংক এক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৫। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল **(Active)** থাকতে হবে।

৬। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত GPA সঠিকভাবে পূরণ করতে হবে।

৭। বৃত্তির ক্যাটাগরি (Talent Pool/General) সঠিকভাবে পূরণ করতে হবে।

৮। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী যে প্রতিষ্ঠান হতে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট (বৃত্তির গেজেটের পৃষ্ঠা ও ক্রমিক নং উল্লেখপূর্বক) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৯। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর এইচ.এস.সি বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/অনলাইন জন্মনিবন্ধন সার্টিফিকেট এবং বৃত্তির গেজেটের সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। আবেদনে উল্লিখিত সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে।

১১। আবেদনকারীকে স্বহস্তে আবেদন পত্র পূরণ করতে হবে এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। প্রয়োজনে আবেদন পত্রের ফটোকপি ব্যবহার করা যাবে।

Sultan
04.11.2025